<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৪.</td><td>তদন্ত কার্যক্রম</td><td>ট্রাস্টের যে সকল কর্মকর্তাকে বিভিন্ন বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অফিস আদেশ দেয়া হয়েছিল কিন্তু তদন্ত কার্য পেন্ডিং রয়েছে তাদের তালিকা নিম্নবর্ণিতভাবে সভায় উপস্থাপন করা হয়:
<table>
<tr><th>তদন্ত কর্মকর্তার নাম ও পদবী</th><th>পেন্ডিং সংখ্যা</th><th>বিষয়</th><th>কোন তারিখ থেকে পেন্ডিং</th></tr>
<tr><td>ড. মো. জাহেদুল হাসান, প্রাক্তন পরিচালক (শিল্প ও বাণিজ্য)</td><td>০১টি</td><td>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আওতাধীন প্রতিষ্ঠান ঢাকার তেজগাঁওস্থ মিমি চকলেট লি:, সিরকো সোপ এন্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি: ও মেটাল প্যাকেজেস লি: এর জমির আশে-পাশের এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক ট্রাস্ট কত টাকা সাইনিংমানি ও শেয়ার পেতে পারে এবং ভবনের উচ্চতা নির্ধারণের সম্ভাব্যতা যাচাই করে মূল্যায়ন প্রতিবেদন প্রদান</td><td>২১ অক্টোবর ২০২১ খ্রি.</td></tr>
</table>
সভাপতি মিমি চকলেট লি:, সিরকো সোপ এন্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি: ও মেটাল প্যাকেজেস লি: এর জমির আশে-পাশের এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক ট্রাস্ট কত টাকা সাইনিংমানি ও শেয়ার পেতে পারে এবং ভবনের উচ্চতা নির্ধারণের সম্ভাব্যতা যাচাই করে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করার জন্য সহকারী প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন এবং আগামী সভার কার্যপত্র থেকে বিষয়টি বাদ দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>আগামী সভার কার্যপত্র থেকে বিষয়টি বাদ দেয়া হবে।<br><br>বাস্তবায়নকারী:<br>সচিব/ব্যবস্থাপক(প্রশাসন)</td></tr>
<tr><td>০৫.</td><td>ই-নথি ব্যবস্থাপনা বাস্তবায়ন সংক্রান্ত।</td><td>সভায় জানা যায়, অক্টোবর ২০২২ মাসে নিম্নবর্ণিতভাবে ই-নথিতে নথি উপস্থাপিত হয়েছে:
<table>
<tr><th>ক্রমিক</th><th>বিভাগ/শাখার নাম</th><th>ই-নথির মাধ্যমে নথি উপস্থাপনের সংখ্যা</th></tr>
<tr><td>ক)</td><td>ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর</td><td>০২ টি</td></tr>
<tr><td>খ)</td><td>প্রশাসন বিভাগ</td><td>৪০ টি</td></tr>
<tr><td>গ)</td><td>অর্থ বিভাগ</td><td>৯৮ টি</td></tr>
<tr><td>ঘ)</td><td>শিল্প ও বাণিজ্য বিভাগ</td><td>০৮ টি</td></tr>
<tr><td>ঙ)</td><td>কল্যাণ বিভাগ</td><td>০০ টি</td></tr>
<tr><td>চ)</td><td>প্রকৌশল শাখা</td><td>০০ টি</td></tr>
<tr><td></td><td>মোট-</td><td>১৪৮ টি</td></tr>
</table>
ট্রাস্টের ই-নথির কার্যক্রম নিয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি জানান, কল্যাণ বিভাগ, অর্থ বিভাগ, প্রকৌশল শাখা এবং অডিট শাখা থেকে কোনো নথি ই-নথিতে উপস্থাপন করা হয়না যা, হতাশাব্যঞ্জক। এ বিষয়ে তিনি ক্ষোভ প্রকাশ করেন এবং সকল বিভাগ/শাখা হতে ই-নথি উপস্থাপনের নির্দেশনা দেন ।</td><td>ক) প্রতি মাসে প্রধান কার্যালয়ের বিভাগ/শাখাসমূহে নিম্নবর্ণিত হারে ই-নথির মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে:
<table>
<tr><th>ক্রমিক</th><th>বিভাগ/শাখার নাম</th><th>ই-নথির মাধ্যমে নথি উপস্থাপনের সংখ্যা</th></tr>
<tr><td>ক)</td><td>প্রশাসন বিভাগ</td><td>১২০টি</td></tr>
<tr><td>খ)</td><td>কল্যাণ বিভাগ</td><td>৮০ টি</td></tr>
<tr><td>গ)</td><td>অর্থ বিভাগ</td><td>১০০ টি</td></tr>
<tr><td>ঘ)</td><td>শিল্প ও বাণিজ্য বিভাগ</td><td>১২ টি</td></tr>
<tr><td>ঙ)</td><td>প্রকৌশল শাখা</td><td>২০ টি</td></tr>
<tr><td>চ)</td><td>নিরীক্ষা শাখা</td><td>১২ টি</td></tr>
<tr><td></td><td>মোট-</td><td>৩৪৪ টি</td></tr>
</table>
খ) যাদের ই-নথির আইডি আছে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাদের আইডি নেই তাদের আইডি খোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) কল্যাণ বিভাগে ০৮টি বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ যাতে ই-নথিতে কাজ করতে পারেন, সেজন্য তাদের অনুকূলে আইডি খোলাসহ প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) সদ্য যোগদানকৃত ২জন কম্পিউটার অপারেটার যাতে ই-নথিতে কাজ করতে পারেন, সেজন্য তাদের অনুকূলে আইডি খোলাসহ প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে।</td></tr>
</table>

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৭.</td><td>ট্রাস্টের মামলা সংক্রান্ত।</td><td>আইন কর্মকর্তা ট্রাস্টের মামলাসমূহের সংখ্যা নিম্নবর্ণিতভাবে সভায় উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্রমিক</th><th>মামলার ধরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>ক)</td><td>জমি-জমা সংক্রান্ত মামলা</td><td>৩৫টি</td></tr>
<tr><td>খ)</td><td>ভাতা সংক্রান্ত রিট মামলা</td><td>২০৭টি</td></tr>
<tr><td>গ)</td><td>কনটেম্পট মামলা (ভাতা)</td><td>০৫টি</td></tr>
<tr><td>ঘ)</td><td>সার্ভিস বিষয়ক মামলা</td><td>১৩টি</td></tr>
<tr><td>ঙ)</td><td>মানিস্যুট মামলা</td><td>০৬টি</td></tr>
<tr><td>চ)</td><td>গুলিস্তান+রাজধানী</td><td>১০টি</td></tr>
<tr><td>ছ)</td><td>অন্যান্য মামলা</td><td>০২টি</td></tr>
<tr><td></td><td>মোট মামলা-</td><td>২৭৮টি</td></tr>
</table>
মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ইতোমধ্যে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। প্যানেল আইনজীবীর সাথে মামলাসমূহের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে। সভাপতি জমি সংক্রান্ত মামলাসমূহের দিকে বিশেষ নজর রাখার জন্য নির্দেশনা দেন।<br>সভাপতি কনটেম্পট মামলা এবং জমি-জমা সংক্রান্ত মামলাসমূহের বিষয়ে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর সমন্বয়ে প্রতিমাসে কমপক্ষে একটি সভা করার জন্য তাগিদ প্রদান করেন।</td><td>ক) ট্রাস্টের আইন উপদেষ্টার সাথে পরামর্শ করে নিম্নবর্ণিত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে:
<table>
<tr><th>ক্রমিক</th><th>মামলার ধরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>ক)</td><td>জমি-জমা সংক্রান্ত মামলা</td><td>৩৫টি</td></tr>
<tr><td>খ)</td><td>ভাতা সংক্রান্ত রিট মামলা</td><td>২০৭টি</td></tr>
<tr><td>গ)</td><td>কনটেম্পট মামলা (ভাতা)</td><td>০৫টি</td></tr>
<tr><td>ঘ)</td><td>সার্ভিস বিষয়ক মামলা</td><td>১৩টি</td></tr>
<tr><td>ঙ)</td><td>মানিস্যুট মামলা</td><td>০৬টি</td></tr>
<tr><td>চ)</td><td>গুলিস্তান+রাজধানী</td><td>১০টি</td></tr>
<tr><td>ছ)</td><td>অন্যান্য মামলা</td><td>০২টি</td></tr>
<tr><td></td><td>মোট মামলা-</td><td>২৭৮টি</td></tr>
</table>
খ) ভাতা সংক্রান্ত মামলসমূহের তালিকা দ্রুত হালনাগাদ পূর্বক উপস্থাপন করতে হবে।<br>গ) জমি সংক্রান্ত মামলাসমূহের দিকে বিশেষ নজর রাখতে হবে।<br>ঘ) ট্রাস্টের কনটেম্পট মামলা এবং জমি-জমা সংক্রান্ত মামলাসমূহের বিষয়ে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর সমন্বয়ে প্রতিমাসে কমপক্ষে একটি সভা করতে হবে।<br><u>বাস্তবায়নকারী</u>: আইন কর্মকর্তা</td></tr>
<tr><td>০৮.</td><td>জনবল নিয়োগ।</td><td>সভায় অবহিত করা হয় যে, ট্রাস্টের বিভিন্ন গ্রেডের ২৬টি শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি গত ০২-০১-২০২৩ তারিখ পত্রিকায় প্রকাশিত হয়েছে। আবেদন গ্রহণের তারিখ গত ৩১-০১-২০২৩ খ্রি. শেষ হয়েছে। শেষ তারিখ পর্যন্ত ১,৫৪৭ টি আবেদন পাওয়া গেছে।<br>এছাড়া, ট্রাস্ট-এর প্রকল্পগুলোর নির্মাণ কাজ সুষ্ঠুভাবে তদারকির স্বার্থে সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালিন (কাজ আছে বেতন আছে, কাজ নেই বেতন নেই) মোট ০৪ (চার) জন প্রকৌশলী সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে (চুক্তিভিত্তিক) নিয়োগ প্রদানের লক্ষ্যে ০২ (দুই) টি দৈনিক পত্রিকায় (দৈনিক জনকন্ঠ ও New Age) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদন গ্রহণের তারিখ গত ২০-০২-২০২৩ খ্রি. শেষ হয়েছে।<br>সভাপতি দ্রুত নিয়োগ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>ট্রাস্টের বিভিন্ন গ্রেডের ২৬টি শূন্য পদে এবং ০৪ (চার) জন প্রকৌশলী সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে (চুক্তিভিত্তিক) জনবল নিয়োগ প্রদানের কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে ।<br><br>বাস্তবায়নকারী:<br>সচিব/ব্যবস্থাপক(প্রশাসন)</td></tr>
<tr><td>০৯.</td><td>সাংগঠনিক কাঠামো প্রস্তুতকরণ ও পদ সৃজন।</td><td>ব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, সংশোধিত সাংগঠনিক কাঠামোটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, এ যাবৎ ট্রাস্টে কোন পদ সৃজন করা হয়নি। এনাম কমিটির কোন সুপারিশ নাই। নতুন সাংগঠনিক কাঠামোতে পদ সৃজনের বিষয়টি উল্লেখ রয়েছে। বিষয়টি নিয়ে গত ০৯-০৯-২০২১ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। নির্দেশনা অনুযায়ী সংশোধিত সাংগঠনিক কাঠামো গত ০৭-০৭-২০২২খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>সাংগঠনিক কাঠামো অনুমোদন ও পদ সৃজনের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>সাংগঠনিক কাঠামো অনুমোদন ও পদ সৃজনের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br><u>বাস্তবায়নকারী:</u><br>১.সাংগঠনিক কাঠামো প্রস্তুতকরণ সংক্রান্ত কমিটি<br>২.সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট<br>৩.ব্যবস্থাপক (প্রশাসন), ট্রাস্ট</td></tr>
</table>

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

